

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ভ্যাট বিভাগ]

সাধারণ আদেশ নং-০৫/মুসক/২০২২ তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ সফটওয়্যার ব্যবহার সংক্রান্ত সাধারণ আদেশ নং-১৬/মুসক/২০১৯, তারিখ: ৩০ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ এর সংশোধন।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং-১৬/মুসক/২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের-

(ক) অনুচ্ছেদ ২ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ২ ও ২ক প্রতিস্থাপিত হইবে, যথা:-

“২। এই আদেশ অনুযায়ী যেই সকল নিবন্ধিত ব্যক্তির দলিলাদি ও হিসাবপত্র নির্ধারিত সফটওয়্যারের মাধ্যমে সংরক্ষণের বাধ্যবাধকতা আরোপিত হইয়াছে, সেই সকল প্রতিষ্ঠান উল্লিখিত উদ্দেশ্যপূরণের লক্ষ্যে কেবল জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পরীক্ষিত ও অনুমোদিত যে কোন সফটওয়্যার নির্মাণকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট সফটওয়্যার সংগ্রহপূর্বক ব্যবহার করিবে।

২ক। কোন করদাতা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত ও তালিকাভুক্ত সফটওয়্যার প্রতিষ্ঠান ব্যতীত অন্যকোনো প্রতিষ্ঠানের বা নিজস্ব সফটওয়্যার ব্যবহার করিতে চাহিলে তাহা এই আদেশের বৈশিষ্ট্য সম্পন্ন হইতে হইবে। এই ক্ষেত্রে তাকে সফটওয়্যার নির্মাণ করিয়া তাহা অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি) এর নিকট আবেদন করিবেন। তিনি অনুচ্ছেদ ৬ তে গঠিত কমিটিকে সফটওয়্যারটি পরীক্ষা করিয়া প্রতিবেদন দাখিল করিবার জন্য নির্দেশ প্রদান করিবেন। পরীক্ষা প্রতিবেদন পাওয়ার পর সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড এর সন্তুষ্টি সাপেক্ষে তাহা অনুমোদন করিবেন।”; এবং

(খ) অনুচ্ছেদ ৬ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ৬ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“৬। জাতীয় রাজস্ব বোর্ডের তালিকাভুক্ত সফটওয়্যার নির্মাণকারী প্রতিষ্ঠানসমূহ হইতে কোন নিবন্ধিত প্রতিষ্ঠান সফটওয়্যার গ্রহণের ক্ষেত্রে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ সফটওয়্যার স্থাপনের তিন দিনের মধ্যে কমিশনারকে অবহিতকরণপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি) এর নিকট আবেদন করিবেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি) নিম্নবর্ণিত কমিটিকে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক স্থাপিত সফটওয়্যার বিষয়ে পর্যবেক্ষণ ও সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ প্রদান করিবেনঃ

ক্রমিক নং	কর্মকর্তার পদবী	কমিটিতে অবস্থান
১।	সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।	আহ্বায়ক
২।	সংশ্লিষ্ট কমিশনারেটের অতিরিক্ত/যুগ্ম কমিশনার	সদস্য
৩।	সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা	সদস্য
৪।	সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা	সদস্য
৫।	প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।	সদস্য সচিব

দাখিলকৃত প্রতিবেদন এর সুপারিশের আলোকে সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি) সংশ্লিষ্ট কমিশনারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবার জন্য নির্দেশনা প্রদান করিবেন।”।

০২। এই আদেশ ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(কাজী রেজাউল হাসান)

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)